

যুগান্তর

দেশের আইটি খাতে বিনিয়োগ করতে আগ্রহী জাপান

প্রকাশ : ১৯ আগস্ট ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ
আইটি ডেস্ক



তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বারের সঙ্গে জাপানি প্রতিনিধি দল

জাপান বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে ব্যাপকভাবে বিনিয়োগ এবং বাংলাদেশের কম্পিউটার প্রকৌশলীদের জাপানে কর্মসংস্থানের আগ্রহ প্রকাশ করেছে। জাপান এটারনাল ট্রেড (JETRO) এর কান্ট্রি রিপ্রেসেন্টেটিভ ডি আরাই (D. Arai)-এর নেতৃত্বে জাপানের ১০টি খ্যাতনামা প্রতিষ্ঠানের ১৫ সদস্যবিশিষ্ট এক ব্যবসায়ী প্রতিনিধি দল ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বারের সঙ্গে সাক্ষাৎকালে এ আগ্রহের কথা ব্যক্ত করেন। জাপানের ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রি মিনিস্ট্রির অধীন একটি প্রতিষ্ঠান JETRO।

প্রতিনিধি দল মন্ত্রীকে জানান, জাপানে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে প্রচুর আইটি ইঞ্জিনিয়ারের চাহিদা রয়েছে। তারা বাংলাদেশি কম্পিউটার প্রকৌশলীদের ভূয়সী প্রশংসা করে বলেন, এদেশের আইটি ইঞ্জিনিয়াররা অত্যন্ত দক্ষ ও পরিশ্রমী।

তাই তাদের বিভিন্ন আইটি প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশ থেকে প্রাথমিকভাবে তারা চারশ' আইটি ইঞ্জিনিয়ার নিয়োগ করতে চায়। প্রতিনিধি দল গমনেচ্ছুক প্রকৌশলীদের জাপানি ভাষা শিক্ষার ওপর গুরুত্বারোপ করেন।

গত কয়েক মাসে জাপানে বাংলাদেশের প্রায় তিন শতাধিক আইটি ইঞ্জিনিয়ারের কর্মসংস্থান হয়েছে। উল্লেখ্য, গত মে মাসে তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার 'Japan IT Wee'তে অংশগ্রহণ করেন। এ সময় তিনি জাইকা, রিক্রুটসহ নয়টি খ্যাতনামা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীদের সঙ্গে বাংলাদেশের আইটি খাতের উজ্জ্বল সম্ভাবনা নিয়ে মতবিনিময় করেছেন। ওই মতবিনিময়ের ফলোআপ হিসেবে জেট্রো কোম্পানির প্রতিনিধি দলের সদস্যরা বাংলাদেশে সফর করছেন।

তথ্যপ্রযুক্তিমন্ত্রী বলেন, জাপান বাংলাদেশের দীর্ঘ প্রতীক্ষিত বন্ধু ও উন্নয়ন সহযোগী। জাপান বাংলাদেশের ভালো ব্যবসা ক্ষেত্র। অনুরূপভাবে বাংলাদেশ ও জাপানের উত্তম ব্যবসা স্থান। তিনি প্রতিনিধি দলকে জানান, বাংলাদেশে আইসিটি বিভাগের অধীনে বিভিন্ন ভাষা শেখানোর জন্য 'সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন' প্রকল্প চালু রয়েছে।

ওই প্রকল্পের অধীনে ৬৫টি ল্যাবে জাপানি ভাষাসহ বিভিন্ন ভাষা শেখানো হচ্ছে। তিনি আরও বলেন, বাংলাদেশে বিদেশি বিনিয়োগকারীদের জন্য অত্যন্ত চমৎকার পরিবেশ বিরাজ করছে। বর্তমান সরকার দেশে উচ্চপ্রযুক্তিনির্ভর শিল্প গড়ে তুলতে বিভিন্ন স্থানে হাইটেক পার্ক গড়ে তুলছে।

আইটি খাতে বিনিয়োগের জন্য সরকার হাটটেক পার্কে জমি বরাদ্দ প্রদান, শতকরা ১০% ক্যাশ ইনসেন্টিভ, ১০ বছর ধরে ট্যাব হলিডে প্রদান, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, যোগাযোগসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করছে। এর মধ্যে এসব পার্কে আগ্রহী হয়ে উঠেছে বিদেশি বিনিয়োগকারীরা।

স্যামসাং ও হুয়াওয়েসহ বিভিন্ন কোম্পানি মোবাইল ফোন, ট্যাব, ল্যাপটপ ও এসব এর যন্ত্রাংশ উৎপাদন শুরু করেছে। কালিয়াকের হাইটেক পার্কে শ্রীলঙ্কা, কোরিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন এবং সৌদি আরবের কয়েকটি প্রতিষ্ঠান শিল্পকারখানা স্থাপন করার জন্য কার্যক্রম শুরু করেছে। তিনি জাপানি বিনিয়োগকারীদের বাংলাদেশে আইটি খাতসহ বিভিন্ন খাতে বিনিয়োগের মাধ্যমে সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা গ্রহণের আহ্বান জানান।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আন্ট্রাএক্স এশিয়া প্যাসিফিক ইন্টারন্যাশনাল কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা Tatsyua hattori; ভাইস প্রেসিডেন্ট Chiharu Nakabayashi ও পরিচালক Masami Ishibashi; ডিম অনলাইনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিরোশি হরি; Passtem Saison Inc. এর প্রধান নির্বাহী কর্মকর্তা Takahiro Murakami; Passtem Saison Inc. এর ব্যবস্থাপনা পরিচালক Yasunori Yamayaki; Information strategy and technology Co. Ltd এর প্রধান নির্বাহী কর্মকর্তা Jun Takai; Ricotta Inc এর প্রধান নির্বাহী কর্মকর্তা Rika Ohashi.

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম